

নবম ও দশম শ্রেণি
বাংলা ১ম পত্র
উপেক্ষিত শক্তির উদ্বোধন

জ্ঞানমূলকঃ

১. কাদের অন্তর কাঁচের ন্যায় স্বচ্ছ?
২. আমরা কত আনা শক্তি উপেক্ষা করে আসছি?
৩. মহাত্মা গান্ধীর ডাকে সবাই বগ্নে হয়ে ছুটে যেত কেন?
৪. কাজী নজরুল ইসলাম কাদের হাত ধরতে আহবান করেছেন?
৫. উপেক্ষিত শক্তি কী আনতে পারে?
৬. তথাকথিত হতভাগাদের অবহেলা করার ফলে আমাদের কোনটি গড়ে উঠতে পারছে না?
৭. অগ্নিবীণা ও বিষের বাঁশি কোন ধরনের রচনা?
৮. কত বছর বয়সে কাজী নজরুল বাকশক্তি হারান?
৯. কোনটি ব্যতিত জাতীয় উন্নতি সম্ভব নয়?
১০. কাজী নজরুল ইসলাম 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কোন মহাপুরুষের উদাহরণ টেনেছেন?
১১. ধান থেকে চাল তৈরির লোকজ যন্ত্রের নাম কী?
১২. কবি 'তথাকথিত' শব্দ দ্বারা কী বোঝাতে চেয়েছেন?
১৩. 'আমাদের দশ আনা শক্তি নির্ভর করিতেছে' - এখানে 'দশ আনা' শব্দগুচ্ছ দ্বারা লেখক কী বোঝাতে চেয়েছেন?
১৪. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে উপেক্ষিত হতভাগারা কার দিকে দলে দলে ছুটে গেছে?
১৫. তথাকথিত 'ছোটলোক' সম্প্রদায়ের অন্তর কীসের মতো?

সৃজনশীল প্রশ্ন:

উদ্দীপক ১ :

দেখিনি সেদিন রেলে,
কুলি বলে এক বাবুসাব তারে
ঠেলে দিলে নিচে ফেলে,
চোখ ফেটে এলো জল
এমনি করে কি জগৎ জুড়িয়া
মার খাবে দুর্বল?

উদ্দীপক ২ :

বিশ্ব-মানচিত্রে উন্নয়নশীল দেশ হিসেবে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। আর এ উন্নয়নে সবচেয়ে বেশি অবদান রাখছে পোশাকশিল্প ও বিদেশে কর্মরত অগণিত নারী-পুরুষ শ্রমিক। দৈনিক আট ঘণ্টার পরিবর্তে ১০-১৫ ঘণ্টা হার ভাঙা পরিশ্রম করে পোশাক শ্রমিকেরা যে বস্ত্র উৎপাদন করছে, তা বিদেশে রপ্তানি করে আমরা প্রচুর বৈদেশিক মুদা অর্জন করছি। অন্যদিকে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশি দরিদ্র নারী-পুরুষেরা মাথার ঘাম পায়ে ফেলে যে অর্থ উপার্জন করছে, তা রেমিট্যান্স হিসেবে দেশে পাঠিয়ে দেশের অর্থনীতিকে চাঙ্গা করছে। কিন্তু দেশের অর্থনীতির চাকা ঘুরিয়ে দিলেও তাদের ভাগ্যের চাকা ঘুরেনি। সামাজিকভাবে আজও তারা অবজ্ঞা-অবহেলার শিকার।

ক. 'বোধন-বাঁশিতে সুর দেই' বলে কাজী নজরুল ইসলাম কবিতার কোন দুটি চরণ উচ্চারণ করেছেন?

খ. 'এমনি করিয়া এই উপেক্ষিত শক্তির বোধন কর' বলতে লেখক কী বুঝিয়েছেন?

গ. উদ্দীপক ১-এর কুলি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো।

ঘ. শ্রমিক শ্রেণির ভাগ্যের চাকা ঘুরাতে উদ্দীপক ১ ও ২-এর লেখকের অনুভূতি কতটা কার্যকর তা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর।